কঙ্গো শান্তিরক্ষা মিশন থেকে বাংলাদেশ পুলিশ প্রত্যাহারের নির্দেশ



সংগৃহীত ছবি

জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে চলমান আর্থিক সংকটের কারণে কঙ্গো গণতান্ত্রিক প্রজাতন্ত্র থেকে বাংলাদেশ পুলিশের অবশিষ্ট কনটিনজেন্ট প্রত্যাহারের নির্দেশ দেওয়া হয়েছে। ফেরতের নির্দেশ পাওয়া সদস্যদের মধ্যে রয়েছেন ৭০ জন নারী পুলিশ কর্মকর্তা।

জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অংশ নেওয়া দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। তবে সাম্প্রতিক অর্থ সংকটের প্রেক্ষিতে জাতিসংঘ মিশনগুলোতে পুলিশ সদস্যসংখ্যা কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর অংশ হিসেবে কঙ্গো গণতান্ত্রিক প্রজাতন্ত্রে কর্মরত বাংলাদেশ পুলিশের অবশিষ্ট কনটিনজেন্টকে দেশে ফেরানোর নির্দেশ দেওয়া হয়েছে।

পুলিশ সদর দপ্তরের সহকারী পুলিশ সুপার (মিডিয়া) শাহাদত হোসেন এ বিষয়ে মন্তব্য করতে রাজি হননি। তবে এক ঊর্ধ্বতন কর্মকর্তা জানিয়েছেন, বিষয়টি পুনর্বিবেচনার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি পাঠানো হয়েছে। তিনি বলেন, “এটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত; পুলিশ এখানে সরাসরি কোনো সিদ্ধান্ত নিতে পারে না।”

সূত্র জানায়, ফেরতের নির্দেশ পাওয়া ১৮০ সদস্যের মধ্যে ৭০ জন নারী কর্মকর্তা রয়েছেন। তারা নভেম্বরের মধ্যেই দেশে ফিরে আসবেন। মাত্র দুই মাস আগে এই দলটি কঙ্গোতে যোগ দিয়েছিল। এক কর্মকর্তা জানান, “আমাদের ইউনিট কমান্ডারকে মৌখিকভাবে বিষয়টি জানানো হয়েছে, তবে এখনো কোনো লিখিত নির্দেশ পাওয়া যায়নি।”